

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ওয়েবসাইট: www.gsb.gov.bd

ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

২১৬২

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪৯ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪৯ তম সভা গত ১৯ আগস্ট, ২০১৯ খ্রি: তারিখ, রোজ সোমবার অপরাহ্ন ১৪.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনোভেশন আইডিয়া প্রদানকারী টিম লিডারগণকে ইনোভেশন টিমের পর্যালোচনার জন্য পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবনী কাজে সম্পূর্ণ কর্মকর্তাগণের দেশে ও বিদেশে শিক্ষা সফর আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়। উদ্ভাবনী কাজের স্বীকৃতি স্বরূপ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। ইনোভেশন শোকেসিং এর জন্য জিএসবি'র বিভিন্ন বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পোস্টার/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ডিসপ্লে তৈরীর বিষয়ে আলোচনা করা হয়। বাস্তবায়নহীন উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির বিষয়ে আলোচনা করা হয়। ই-সেবা তৈরীর লক্ষ্যে অধিদপ্তরের সহকারী গ্রন্থাগারিক (চলতি দায়িত্ব) জনাব মোস্তাফিজুর রহমানকে স্ব-উদ্যোগে প্রস্তুতকৃত গ্রন্থাগার বিষয়ক ওয়েবসাইট কনটেন্ট ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পর্যালোচনার জন্য উপস্থাপন করা বিষয়ে আলোচনা হয়। জিএসবি'র গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের জন্য ইনোভেশন খাতে বরাদ্দ অপ্রতুল হওয়ায় সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা বিষয়ে আলোচনা হয়।

৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. ২০১৯-২০২০ অর্থবছরে ইনোভেশন আইডিয়া প্রদানকারী টিমের টিম লিডারগণকে ইনোভেশন টিমের পর্যালোচনার জন্য পাওয়ার পয়েন্ট উপস্থাপনা এবং উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য পত্র প্রদান করা হবে।

৩.২. উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ, সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ কর্মশালা এবং দেশে শিক্ষা সফর আয়োজনের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এর নেতৃত্বে জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এটুআই সহ অন্যান্য প্রতিষ্ঠানের এর সাথে যোগাযোগ করে প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৩. উদ্ভাবনী কাজে সম্পূর্ণ কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর আয়োজনের জন্য এবং প্রয়োজনীয় অর্থ জিএসবি'র বৈদেশিক প্রশিক্ষণ খাত হতে নির্বাহের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর প্রস্তাব পেশ করা হবে।

৩.৪. কাজের স্বীকৃতি স্বরূপ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান করা হবে এবং ইতোপূর্বে বিভিন্ন অর্থবছরে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের আইডিয়া প্রদানকারী কর্মকর্তাগণকে পুরস্কৃত করা হবে।




৩.৫. ইনোভেশন শোকেসিং এর জন্য জিএসবি'র ২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ পোস্টার/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ডিসপ্লে প্রস্তুত করা হবে। উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন (ওয়ান মিনিট ভিডিও) ও প্রকাশনা তৈরির জন্য ইনোভেশন টিমের সদস্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৬. ই-সেবা তৈরির জন্য অধিদপ্তরের সহকারী গ্রন্থাগারিক (চলতি দায়িত্ব) জনাব মোস্তাফিজুর রহমানকে স্ব-উদ্যোগে প্রস্তুতকৃত গ্রন্থাগার বিষয়ক ওয়েবসাইট কনটেন্ট ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পর্যালোচনার জন্য উপস্থাপন করবেন।

৩.৭. জিএসবি'র গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের জন্য ইনোভেশন খাতে বরাদ্দ অপ্রতুল হওয়ায় সংশোধিত বাজেটে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হবে।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


(সাইদুল হোসেন) ২৬.৮.১৯

পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮৩১২২১৬৮

E-mail: hossain747@gmail.co

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.


তারিখ: ১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
- ৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
- ৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) নথিতে সংরক্ষণের জন্য।




(রাজিব কুমার সাহা)

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)






সদস্যসচিব

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪৯ তম সভা (আগস্ট, ২০১৯ মাসের) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে কক্ষ নং-৪২৯ এ অদ্য ১৯ আগস্ট, ২০১৯ রোজ সোমবার বিকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

ক্রম	নাম	পদবী	স্বাক্ষর
১)	জনাব সাইদুল হোসেন	পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি	
২)	জনাব মোহাম্মদ আশরাফুল কামাল	উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য	
৩)	জনাব নাসিমা বেগম	উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য	
৪)	জনাব খোন্দকার রবিউল ইসলাম	উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য	
৫)	জনাব কাজী মানসুরা আখতার	সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য	
৬)	জনাব মোঃ জাহাঙ্গীর আলম	সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য	বৈদেশিক প্রশিক্ষণে নিয়োজিত রয়েছেন
৭)	জনাব রাজিব কুমার সাহা	সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব	

* কর্মকর্তাগণের ক্রম তালিকা জেষ্ঠতার ভিত্তিতে নয়